



## বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০০২.২৩-২৩৭

তারিখ : ৩০ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

### নির্বাচন পর্যবেক্ষক সংস্থা নিবন্ধন সংক্রান্ত ২য় বিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা-২০১৭ অনুসারে “পর্যবেক্ষক সংস্থা” হিসেবে নিবন্ধনে আগ্রহী যোগ্যতাসম্পন্ন বেসরকারি সংস্থাসমূহের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। যোগ্যতাসম্পন্ন সংস্থাসমূহকে নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা-২০১৭ অনুযায়ী পাঁচ বছরের জন্য নিবন্ধন দেয়া হবে। নিবন্ধিত সংস্থাসমূহ এ সময়ের মধ্যে অনুষ্ঠিত সকল নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবে। পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনে আগ্রহী বেসরকারী সংস্থাসমূহকে **আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২৩** তারিখ রবিবার অফিস সময় বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম (E:O-1) নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখায় (কক্ষ নং-১০৫) এবং নির্বাচন কমিশনের ওয়েবসাইট [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) তে পাওয়া যাবে।

০২। পর্যবেক্ষক সংস্থা হিসেবে আবেদনের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে :


- পর্যবেক্ষক সংস্থাকে বাংলাদেশের কোন আইনের অধীনে নিবন্ধিত হতে হবে;
- গণতন্ত্র, সুশাসন ও মানবাধিকার প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে আসছে এবং যাদের নিবন্ধিত গঠনতন্ত্রের সকল বিষয়সহ অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান বিষয়ে নাগরিকদের মধ্যে তথ্য প্রচার ও উদ্বুদ্ধকরণের অঙ্গীকার রয়েছে; কেবল সেসকল বেসরকারি সংস্থাই নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধিত হওয়ার জন্য আবেদন করতে পারবে;
- সংস্থাকে নির্দলীয় ও নিরপেক্ষ হতে হবে। নিবন্ধিত রাজনৈতিক দলের সাথে সরাসরি জড়িত ছিলেন বা আছেন কিংবা নিবন্ধন লাভের জন্য আবেদনকৃত সময়ের মধ্যে কোন নির্বাচনে প্রার্থী হতে আগ্রহী এরূপ কোন ব্যক্তি যদি পর্যবেক্ষকের জন্য আবেদনকারী কোন সংস্থার প্রধান নির্বাহী কিংবা পরিচালনা পর্যদের বা ব্যবস্থাপনা কমিটির সদস্য হয়ে থাকেন, তা যে নামেই অভিহিত হোক না কেন উক্ত সংস্থাকে পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন করা হবে না।
- নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পেতে ইচ্ছুক এমন কোন প্রতিষ্ঠান যার নামের সাথে জাতীয় কোন প্রতিষ্ঠানের নামের হবহ মিল রয়েছে; এমন প্রতিষ্ঠান নির্বাচন কমিশনে পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে।
- নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পেতে ইচ্ছুক এমন কোন প্রতিষ্ঠান যার নামের সাথে আন্তর্জাতিক/আঞ্চলিক কোন প্রতিষ্ঠানের নামের হবহ মিল থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ঐ আন্তর্জাতিক/আঞ্চলিক সংস্থা হতে লিখিত অনাপত্তিপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ইতিপূর্বে নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধিত হয়েছে কিন্তু বিগত একাদশ জাতীয় সংসদ নির্বাচন (৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত) হতে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত কোন নির্বাচন (জাতীয় সংসদ উপনির্বাচন/স্থানীয় সরকারের যেকোন নির্বাচন) পর্যবেক্ষণ না করে থাকলে সেই সংস্থা নতুন করে নিবন্ধনের জন্য আবেদন করতে পারবে না। **তবে শর্ত থাকে যে,** ২০১৮ সালের পূর্বে নির্বাচন কমিশনে নিবন্ধিত পর্যবেক্ষক সংস্থা যারা ২০১৮ সালে নিবন্ধিত হতে পারেনি; তাদের প্রতিষ্ঠানের নিবন্ধনের মেয়াদ থাকাকালীন অনুষ্ঠিত যেকোন নির্বাচন (জাতীয় সংসদ/সংসদ উপনির্বাচন/স্থানীয় সরকার) পর্যবেক্ষণ করে থাকলে সেসকল প্রতিষ্ঠান নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

০৩। আবেদনের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবে:

- সংস্থার গঠনতন্ত্র;
- সংস্থার বর্তমান ট্রাস্টি বোর্ড/পরিচালনা পর্যদ/কার্যনির্বাহী কমিটির তালিকা;
- পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত কপি;
- পর্যবেক্ষক সংস্থার নিবন্ধিত অফিসের নাম ও ঠিকানা (পরিবর্তন হলে তার স্বপক্ষে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে);
- নিবন্ধন কর্তৃপক্ষের নাম ও ঠিকানা;
- নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদিত কার্যাবলীর তালিকা;
- বিগত (সর্বশেষ) দুই বছরের সম্পাদিত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন;
- আন্তর্জাতিক সংস্থার সাথে সম্পর্ক থাকলে সংশ্লিষ্ট সংস্থার অনাপত্তিপত্র
- কার্যকরী/নির্বাহী কমিটির কোন সদস্য পূর্বে রাজনীতির সাথে জড়িত ছিলেননা বা বর্তমানে জড়িত নেই মর্মে সংস্থার প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

০৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এবিষয়ে আরও তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ অধিশাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

[বিশেষ দৃষ্টব্যঃ নির্বাচন পর্যবেক্ষণের জন্য নির্বাচন কমিশন হতে পর্যবেক্ষক সংস্থাকে কোনরূপ আর্থিক সহায়তা প্রদান করা হয় না বা কোন সংস্থা হতে অর্থ প্রাপ্তির বিষয়ে কোন সহায়তা করা হয় না।]

  
(মোঃ আশাদুল হক)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬

e-mail: ashadumcj@gmail.com